দলীয় প্রার্থী যেই হোক তার পক্ষে কাজ করতে হবে– এমপি টগর

দর্শনা পৌর উপ-নির্বাচন উপলক্ষে দর্শনা পৌর আওয়ামী লীগের বর্ধীত সভা ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে পৌর আওয়ামী লীগের আয়োজনে পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে বর্ধীত সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা-২ আসনের জাতীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন আওয়ামী লীগের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে স্বাধীনতা বিরোধী অপশক্তিরা।

তারা যতই অপশক্তি চালাক না কেনো, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে উন্নয়ন কর্মকান্ড অব্যাহত থাকবে। আপনারা জানেন দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর মারা যান, মতিয়ারের মৃত্যুতে দলের অপুরনীয় ক্ষতি হয়েছে যা, পুরণ হবার নয়। আগামী ১৬ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে দর্শনা পৌরসভার উপ-নির্বাচন। নির্বাচনকে ঘিরে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীরা ইতিমধ্যে দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক বরাবর দলীয় মনোনয়ন চেয়ে আবেদন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাকেই দলীয় প্রার্থী মনোনীত করুক না কেনো তার পক্ষে সবাই কাদে কাদ মিলিয়ে নৌকার পক্ষে কাজ করতে হবে। কেউ নৌকার বিপক্ষে গেলে তাকে দল থেকে কঠিন শাস্তি দেওয়া হবে।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু’র উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহাফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি মোজাহারুল ইসলাম,দর্শনা পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি হাজী শহিদুল ইসলাম, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি হুমায়ুন কবীর, আরো উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, লিয়াকত আলী, আ:লীগ নেতা আমির হোসেন, সিরাজুল

ইসলাম, বীরমুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, ইদ্রিস আলী, হায়দার আলী, দাউদ হোসেন, আব্দুল হান্নান সহ দর্শনা পৌর আওয়ামী লীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ। অনান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পত্র চেয়ে যারা আবেদন করেছেন তারা হলো দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক কোষাধ্যক্ষ প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহোদর আতিয়ার রহমান হাবু, দর্শনা কলেজ ছাত্রলীগের সাবেক ভিপি ও জিএস আবু সাঈদ মোহাম্মদ হাসান, দর্শনা পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা পৌর যুবলীগের সভাপতি আশরাফুল আলম বাবু, সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রবিউল হক সুমন।

গাংনী পৌরতে উপ-নির্বাচন আগামীকাল

আগামীকাল বুধবার গাংনী পৌরসভার ৭নং ওয়ার্ডের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে।

উপনির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করেছেন সহকারী রির্টানিং অফিসার । ভোট গ্রহন করা হবে ইলেক্ট্রনিক ভোটার মেশিন(ইভিএম) পদ্ধতিতে।

সহকারী রির্টানিং অফিসার আব্দুল আজিজ জানান, গাংনী পৌরসভার ০৭ নং ওয়ার্ড কান্সিলর মকছেদ আলীর মৃত্যুর পর কাউন্সিলর পদটি শূন্য হয় । উপ-নির্বাচন উপলক্ষে ভোট গ্রহনের সকল প্রস্ততি সম্পন্ন করেছেন নির্বাচন কমিশন। প্রয়োজনীয় সকল সরঞ্জাজামাদি প্রেরন করা হয়েছে সেই সাথে নিয়োগ করা হয়ে নিরাপত্তারক্ষ্মী।

কেন্দ্রটিতে ৮টি বুথের মাধ্যমে গ্রহন করা হবে ভোট। এ ওয়ার্ডে

মোট ভোটার সংখা ২৪৬৪জন ।এদের মধ্যে পুরুষ ভোটার ১১৬২জন এবং নারী ভোটার সংখ্যা ১২৮২জন। নির্বাচন অবাধ সুষ্ঠ করতে আইন শৃঙ্খলা রক্ষাকরী লোক ছাড়াও মাঠে থাকবে ভ্রাম্যান আদালত ।

উপনির্বাচনের মোট চারজন প্রার্থী ভোট যুদ্ধে প্রতিদ্বন্দিতা করছেন। প্রার্থীদের মধ্যে মোতালেব হোসেন (পাঞ্জাবী) মার্কা,বদরুল আলম বুদু(টেবিল লাইট) মার্কা,শফিকুল ইসলাম শফি (উঠপাখি) মার্কা,এবং ছানোয়ার হোসেন। ছানোয়ার হোসেন মোতালেব হোসেনকে সমর্থন দিয়ে ভোটের মাঠ থেকে সরে পড়েছেন বলেও গুঞ্জন উঠেছে। তবে উপনির্বাচন হলেও গাংনীর বিভিন্ন মানুষের মধ্যে চলছে চুলচেরা বিশ্লেষন। কে হবেন শুন্য ওয়ার্ডের কাউন্সিলর। বিভিন্ন চায়ের দোকান ও ভোটারদের মুখে শোনাগেছে মোতালেব হোসেন ও বদরুল আলম বুদুর সাথে হবে হাড্ডাহাড্ডি ভোটের লড়াই।

মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

আগামীকাল ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

আগামীকাল বুধবার মেহেরপুরের সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচন অনুষ্ঠিত হবে ।

আজ মঙ্গলবার সকাল থেকেই নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার এসকল সরঞ্জাম বিতরণ করেন।

প্রশাসনিক কর্মরতরা জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে।

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮◌ং ওয়ার্ডের উপ-নির্বাচন

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮নং ওয়ার্ডের উপ-নির্বাচন। নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে সকল প্রস্তুতি শেষ হয়েছে। কঠোর নিরাপত্তার মাধ্যমে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে ৪ জন প্রার্থী নির্বাচনে অংশ নেয়।

৮নং ওয়ার্ডে ভাংবাড়িয়া, হারদি ও কুমারী ইউনিয়নের আওতাভুক্ত। এ ওয়ার্ড নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বরেরা ভোটার।

আজ উপ-নির্বাচন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

নির্বাচনে ভোটার সংখ্যা ৩৯ জন। জেলা পরিষদের উপ-নির্বাচনে ৪জন প্রতিদ্বন্দিতা করছেন। এরা হলো-কুমারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, কৃষকলীগ নেতা আশাদুল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান ও হারদী গ্রামের তাজনুর হাসান।

গাংনীর ধানখোলা ইউনিয়নের শূন্য ওয়ার্ডে উপ-নির্বাচন আগামীকাল

আগামীকাল মঙ্গলবার অনুষ্ঠিত হতে যাচ্ছে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের উপ-নির্বাচন। উপ-নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করতে সকল প্রস্তুতি গ্রহণ করেছে নির্বাচন কমিশন।

সোমবার গাংনী থানা চত্বরে পুলিশ বাহিনী ও আনসার সদস্যদের

নির্বাচন কেন্দ্রে দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নির্দেশনা দেয়া হয়। এ সময় বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) হাসিবুল আলম, অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম ও উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস।

গাংনী উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, উপ-নির্বাচনে ২টি কেন্দ্রে, পুলিশ বাহিনীর বিভিন্ন পর্যায়ের সদস্য ১৬ জন, আনসার বাহিনীর সদস্য ৩৪ জন। দু’টি মোবাইল টিমে ১০ জন, কেন্দ্র দুইটিতে প্রিজাইডিং অফিসার ২ জন, সহকারী প্রিজাইডিং অফিসার ১৩ জন ও পোলিং অফিসার ২৬ জনকে দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন।

ইউপি সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৪ জন প্রার্থী। প্রার্থীদের মধ্যে জাকির হোসেন টিউবওয়েল, মাজেদ আলী মোরগ, মফিজুল ইসলাম তালা ও সালাউদ্দিন ফুটবল মার্কায় প্রতিদ্বন্দ্বিতা করছেন। দুটি ওয়ার্ডে ৪,৬৬৩ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।
নির্বাচন অবাধ ও সুষ্ঠু হওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ।